

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
থানা সেন্টার প্ল্যানিং-২
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০১.১৭.৬১

তারিখ: ১২ বৈশাখ ১৪২৫

২৫ এপ্রিল ২০১৮

বিষয়: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কঠিন বর্জ্য সংগ্রহ, অপসারণ ও ব্যবস্থাপনার জন্য স্থায়ী ডাম্পিং গ্রাউন্ড স্থাপনের জন্য জালকুড়ি মৌজায় ২৩.২৯ একর ভূমি অধিগ্রহণের জন্য অনাপত্তি/ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।
সূত্র: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের স্মারক নম্বর: ৪৬.১৬.৬৭০০.১১.৩৪ (২).৩৩.২০১৭.১১১; তারিখ: ১৫/০৪/২০১৮ খ্রি.

যথাযথ সম্মানপূর্বক উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কঠিন বর্জ্য সংগ্রহ, অপসারণ ও ব্যবস্থাপনার জন্য স্থায়ী ডাম্পিং গ্রাউন্ড স্থাপনের জন্য নারায়ণগঞ্জ জেলায় সিদ্ধিরগঞ্জ থানাধীন জালকুড়ি মৌজায় ২৩.২৯ একর ভূমি অধিগ্রহণের জন্য অনাপত্তি পত্র চেয়ে আবেদন করেন (দাগসূচি: কপি সংযুক্ত-১)।

RAJUK এর Detailed Area Plan (DAP) পর্যালোচনায় দেখা যায় যে, প্রস্তাবিত জায়গাটির ভূমি ব্যবহার Urban Residential Zone হিসেবে চিহ্নিত রয়েছে (সংযুক্তি-২)।

এমতাবস্থায়, প্রস্তাবিত জমি অধিগ্রহণে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কঠিন বর্জ্য সংগ্রহ, অপসারণ ও ব্যবস্থাপনার জন্য স্থায়ী ডাম্পিং গ্রাউন্ড স্থাপনের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে সরকারি প্রয়োজন ও জনস্বার্থে অত্র অধিদপ্তরের অনাপত্তি পত্র প্রদান করা হলো।

শর্ত সমূহ নিম্নরূপ:

- ১। পরিবেশ সক্ষমভাবে পুড়িয়ে (incineration) এবং Reduce, Reuse and Recycle (3R) প্রক্রিয়ায় বাস্তবায়ন করতে হবে।
- ২। ডাম্পিং গ্রাউন্ড এর দূষিত পানি পুনঃপ্রক্রিয়াকরণ পূর্বক ব্যবস্থা নিতে হবে।
- ৩। ডাম্পিং গ্রাউন্ডের সীমানা বরাবর গ্রীণ বেল্ট করার ব্যবস্থা নিতে হবে।
- ৪। Detailed Area Plan (DAP) ম্যাপ এ ভূমি ব্যবহার পরিবর্তন করতে হবে।
- ৫। রাজউক কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রে উল্লেখিত শর্ত অনুসরণ করতে হবে।

উল্লেখ্য যে, এই অনাপত্তি পত্র প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের ভূমি ব্যবহারের অনাপত্তি ব্যতীত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।



২৫-৪-২০১৮

উদয় শংকর দাস
সিনিয়র প্ল্যানার

প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, নগর
ভবন, ১০ বঙ্গবন্ধু রোড, নারায়ণগঞ্জ।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) সিনিয়র প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর [পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ সহ]
- ৪) সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৫) শহর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড, নারায়ণগঞ্জ।
- ৬) প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর



২৫-৪-২০১৮

মো. তানভীর হাসান রেজাউল
প্ল্যানার